মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
(এমজিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।
ইনভায়রনমেন্ট এন্ড জিওলজি শাখা

২০২২-২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | হাসান মাহমুদুল ইসলাম<br>উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার) |
| সভার তারিখ | ০৫/০৯/২০২২ |
| সভার সময় | সকাল ১১.৩০ ঘটিকা |
| স্থান | কনফারেন্স রুম, এমজিএমসিএল। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন, পরিবীক্ষণ ও হালনাগাদকরণের লক্ষ্যে অফিস আদেশ নং-২৮.১৭.০০০০.২১২.৪৯. ০০১.১৯.৪৯৯ তারিখ: ১ সেপ্টেম্বর ২০২২ এর মাধ্যমে পুনর্গঠিত কমিটির একটি সভা গত ০৫/০৯/২০২২ তারিখে এমজিএমসিএল-এর কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সভাপতি ও কমিটির আহ্বায়ক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় এমজিএমসিএল-এর "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩" এর বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়।

২। সভাপতি সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী ৩-৫ জন কর্মকর্তার সমন্বয়ে কমিটির গঠনের নির্দেশনা রয়েছে। প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত কমিটি পুনর্গঠন/হালনাগাদ সংক্রান্ত তথ্য কোম্পানির ওয়েব সাইটে আপলোডসহ উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা হলে বর্ণিত সূচকের বিপরীতে পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে এবং পূর্ণ নম্বর পাওয়া যাবে। তিনি আরও উল্লেখ করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী ১ম ত্রৈমাসিক সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে এবং পরবর্তীতে লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে কমিটি পুনর্গঠনের কার্যকরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করে যে, এমজিএমসিএল-এর "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩" অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থা অথবা সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত কমপক্ষে ২টি সভা আয়োজন করা হলে বর্ণিত কর্মসম্পাদন সূচকের বিপরীতে পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে। কিন্তু এমজিএমসিএল-এর আওতাধীন দপ্তর/সংস্থা নাই। এমজিএমসিএল-এর আওতাধীন দপ্তর/সংস্থা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত কাদের সাথে সভা আয়োজন করতে হবে- এ মর্মে পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পরামর্শ চাওয়া হলে এমজিএমসিএল-এর বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধানদের সাথে সভা আয়োজন করার বিষয়ে পরামর্শ প্রদান করে।

৪। সভাকে আরও অবহিত করা হয় যে, এমজিএমসিএল-এর "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩" অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। ইতোমধ্যে এমজিএমসিএল-এর বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট হতে তথ্য সংগ্রহপূর্বক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদকরণের একটি খসড়া সভায় উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত সদস্যদের সাথে আলোচনা করতঃ প্রয়োজনীয় সংশোধনপূর্বক কমিটি কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করা হয়।

৫। সভায় অবহিত করেন যে, মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২৩ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, সোবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং সেবা প্রদান সংক্রান্ত আইন, বিধি-বিধান বিষয়ে ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করা হলে বর্ণিত সূচকের বিপরীতে শতভাগ লক্ষমাত্রা অর্জিত হবে এবং পূর্ণ নম্বর পাওয়া যাবে। সভায় কমিটির সদস্য-সচিব জানায় যে, ইতোমধ্যে বর্ণিত বিষয়ে ২০২২-২৩ অর্থবছরে কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি, সোবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ এবং সেবা প্রদান সংক্রান্ত আইন, বিধি-বিধান বিষয়ে ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজনের লক্ষ্যে সোবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির পক্ষ হতে প্রশাসন বিভাগ বরাবর নথি প্রেরণের প্রেক্ষিতে প্রশাসন বিভাগ কর্তৃক আগামী ১২ সেপ্টেম্বর ২০২২ তারিখে ২০ জন কর্মকর্তার সমন্বয়ে একটি অনলাইন (জুম) প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

৬। সভায় বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক) এমজিএমসিএল-এর "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩" এর লক্ষ্যমাত্রা অনুযায়ী পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জন এবং পূর্ণ নম্বর পাওয়ার লক্ষ্যে ত্রৈমাসিক ভিত্তিক "সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি যথাসময়ে পুণর্গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) এমজিএমসিএল-এর আওতাধীন দপ্তর/সংস্থা না থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের নিমিত্ত পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির পরামর্শ অনুযায়ী এমজিএমসিএল-এর বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধানদের সাথে সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) সভায় কমিটি কর্তৃক চূড়ান্তভাবে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিল এবং এমজিএমসিএল-এর ওয়েব সাইটে আপলোডের জন্য আইসিটি বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

হাসান মাহমুদুল ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)

স্মারক নম্বর: ২৮.১৭.০০০০.৬২১.৪৯.০০২.২০.৪০ তারিখ: ২৩ ভাদ্র ১৪২৯

০৭ সেপ্টেম্বর ২০২২


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) ব্যবস্থাপক (ক্রয়), ক্রয় শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

২) ব্যবস্থাপক (এইচআরএম) (অতিরিক্ত দায়িত্ব), মানব সম্পদ ব্যবস্থাপনা শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

৩) উপ-ব্যবস্থাপক (এমপিএন্ডএস), মাইন প্লানিং এন্ড সার্ভে শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

৪) উপ-ব্যবস্থাপক (ইএন্ডজি), ইনভায়রনমেন্ট এন্ড জিওলজি শাখা, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড



হাসান মাহমুদুল ইসলাম

উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)